



গণবিরোধী বিলের প্রতিবাদে বিরোধী দলের ওয়াকআউট



ছবি: সংগৃহীত

সংসদ অধিবেশনে বৃহস্পতিবার (৯ এপ্রিল) একাধিক বিল পাসের ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়ে ওয়াকআউট করেছে বিরোধী জোট, যার নেতৃত্ব দেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

অধিবেশনে সভাপতিত্ব করছিলেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। এ সময় বিলগুলোকে ‘গণবিরোধী’ আখ্যা দিয়ে বিরোধীদলীয় নেতা বলেন, বিরোধীদের আপত্তি ও প্রতিবাদ উপেক্ষা করেই যেসব বিল পাস করা হয়েছে, তার দায় তারা নেবেন না।

তিনি আরও জানান, প্রতিবাদস্বরূপ তারা সংসদ থেকে ওয়াকআউট করছেন।

ওয়াকআউটের সময় ডেপুটি স্পিকার সদস্যদের উদ্দেশে কিছু বলার চেষ্টা করেন এবং জানতে চান তারা ফিরে আসবেন কি না। তবে সরাসরি সম্প্রচারে দেখা যায়, বিরোধী সংসদ সদস্যরা অধিবেশনে আর ফেরেননি, বরং একযোগে কক্ষ ত্যাগ করেন।